



Website: www.bb.org.bd

# বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ডাকবাংলো নং ৩২৫

ঢাকা।

ডেট ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট

সার্কুলার নং-ডিএমডি- ০৭/২০১৪

তারিখ-১১/১১/২০১৪

নির্বাহী পরিচালক/মহাব্যবস্থাপক  
বাংলাদেশ ব্যাংকের সকল অফিস  
ও  
প্রধান নির্বাহী/ব্যবস্থাপনা পরিচালক  
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

## ১০/- ও ৫০/- টাকা মূল্যমান বাংলাদেশ প্রাইজবন্ডের সকল কার্যক্রম বন্ধকরণ।

উপর্যুক্ত বিষয়ে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, সঞ্চয় ও পরিকল্পনা শাখা কর্তৃক জারীকৃত ২৯ অক্টোবর, ২০১৪ ইং তারিখের ০৮.০০.০০০০.০৩৯.৪১.০১.৯৩(অংশ-২).২০৬ নং পত্রের মাধ্যমে ১০/- (দশ) ও ৫০/- (পঞ্চাশ) টাকা মূল্যমানের বাংলাদেশ প্রাইজবন্ডের সকল কার্যক্রম আগামী ৩১ জানুয়ারি, ২০১৫ তারিখ হতে চূড়ান্তভাবে বন্ধ করাসহ নিম্নরূপ ব্যবস্থা গ্রহণের নির্দেশনা দেয়া হয়েছে :

(ক) আগামী ৩১ জানুয়ারি, ২০১৫ তারিখের পূর্বে সুবিধাজনক সময়ে পূর্বের ন্যায় ১০/- (দশ) ও ৫০/- (পঞ্চাশ) টাকা মূল্যমানের বাংলাদেশ প্রাইজবন্ড নগদায়ন অথবা ১০/- (দশ) ও ৫০/- (পঞ্চাশ) টাকা মূল্যমানের বন্ডের বদলে সমমূল্যের ১০০/- (একশত) টাকা মূল্যমানের প্রাইজবন্ড বিনিময় করা যাবে।

(খ) উক্ত সময়ের পর ১০/- (দশ) ও ৫০/- (পঞ্চাশ) টাকা মূল্যমানের প্রাইজবন্ডের কোন দাবী গ্রহণযোগ্য হবে না।

বিষয়টি আপনাদের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলো।

আপনাদের বিশ্বস্ত,

(বিষ্ণু পদ সাহা)

মহাব্যবস্থাপক

ফোন নং-৯৫৩০১৩১